হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

বর্ষ ৪ ঃ সংখ্যা-৬ ঃ মেহেরপুর- রোববার ১৯ অক্টোবর ২০২৫ ইং ঃ ৩ কার্তিক ১৪৩২ বাংলা ঃ ২৬ রবি,সানি ১৪৪৭ হিজরি ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা www.amadersurjodoy.com



বিতর্কের জেরে ফের চর্চায় আহনা পেলেন প্রাণনাশের হুমকি -পৃষ্ঠা-৩

## কার্গো ভিলেজে ভয়াবহ আগুনে শাহজালাল বিমানবন্দরে ফ্লাইট চলাচল বন্ধ


সূর্যোদয় প্রতিবেদন

ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের কার্গো ভিলেজে ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। আগুন লাগার পর সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে বিমানবন্দরে সাময়িকভাবে সব ধরনের ফ্লাইট চলাচল বন্ধ রাখা হয়েছে। বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের (বেবিচক) সহকারী পরিচালক ও জনসংযোগ কর্মকর্তা মোহাম্মদ কাউছার মাহমুদ সমকালকে বিষয়টি নিশ্চিত করে বলেন, শনিবার দুপুর ২টা ১৫ মিনিটের দিকে বিমানবন্দরের কার্গো এলাকায় হঠাৎ আগুন লাগে। তিনি জানান, খবর পেয়ে বিমানবন্দরের নিজস্ব ফায়ার সেকশন, বিমানবাহিনীর অগ্নিনির্বাপক দল এবং অন্যান্য সংস্থা দ্রুত ঘটনাস্থলে পৌঁছে আগুন নিয়ন্ত্রণে কাজ শুরু করে। তবে আগুন এখনও পুরোপুরি নিয়ন্ত্রণে আসেনি। ফায়ার সার্ভিসের মিডিয়া কর্মকর্তা তালহা বিন জসিম জানিয়েছেন, বর্তমানে ২৫টি ইউনিট আগুন নেভাতে কাজ করছে। আরও

২-এর পৃষ্ঠা দেখুন

# তারেক রহমানের ফোনে মেহেরপুরে বিএনপির নির্বাচনী মাঠ গরম

নিজস্ব প্রতিবেদক



বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান-এর একটি ফোন কলকে কেন্দ্র করে মেহেরপুরে উত্তপ্ত হয়ে উঠেছে নির্বাচনী মাঠ। শুক্রবার গভীর রাতে তিনি ফোনে কথা বলেছেন মেহেরপুরের সাবেক দুই সংসদ সদস্য মাসুদ অরুণ ও আমজাদ হোসেন-এর সঙ্গে। এরপর থেকেই জেলায় শুরু হয়েছে রাজনৈতিক তোলপাড়, আলোচনা-সমালোচনার ঝড়, এমনকি সংঘর্ষের ঘটনাও ঘটেছে। স্থানীয় সূত্রে জানা যায়, শুক্রবার রাত থেকে সামাজিক যোগাযোগ মাধ্যমে দু'জন নেতার সমর্থকদের পক্ষ থেকে অভিনন্দন বার্তা ছড়িয়ে পড়ে আবার এইসব পোস্টে ইতি-নিতিবাচক কমেন্টও পড়ছে। শনিবার সকাল থেকে চায়ের দোকান থেকে পাড়া-মহল্লা, সর্বত্রই এই ফোন কল নিয়ে চলছে সরগরম আলোচনা। এমনকি গাংনীর হিজুলবাড়ীয়া গ্রামে সমর্থকদের মধ্যে সংঘর্ষে একজন আহত হয়েছেন। স্থানীয়রা আশঙ্কা করছেন, পরিস্থিতি আরও উত্তপ্ত হতে পারে।

ফোন পাওয়ার পর সাবেক এমপি মাসুদ অরুণ দাবি করেন, দলীয় প্রধানের কাছ থেকে তিনি আগামী নির্বাচনের জন্য 'সবুজ সংকেত' পেয়েছেন। তিনি বলেন, "দলের ভারপ্রাপ্ত চেয়ারম্যান প্রথমে আমার সঙ্গে, পরে আমজাদ সাহেবের সঙ্গে ফোনে কথা বলেছেন। আমাকে নির্বাচনের জন্য দিকনির্দেশনা ও সবুজ সংকেত দিয়েছেন। এটা আমার ১৭ বছরের ত্যাগের পুরস্কার।" তবে সাবেক এমপি আমজাদ হোসেনের বক্তব্য কিছুটা ভিন্ন। তিনি বলেন, "ধানের শীষের পক্ষে কাজ করার জন্য নির্দেশ দেওয়া হয়েছে। এতে যা বোঝায়, আপনারা নিজেরাই বুঝে নিন। আমি ধানের শীষ জিতিয়ে আনতেই মাঠে থাকব।" মেহেরপুর জেলা বিএনপির সাধারণ সম্পাদক কামরুল হাসান বলেন, "তারেক রহমান দলকে ঐক্যবদ্ধ করতে দেশের গুরুত্বপূর্ণ নেতাদের ধারাবাহিকভাবে ফোন করছেন। মেহেরপুরের দুই সাবেক এমপির সঙ্গেও কথা বলেছেন। কিন্তু ফেসবুকে যেভাবে মনোনয়নের দাবি ছড়ানো হচ্ছে, তা সম্পূর্ণ বিভ্রান্তিকর।" তিনি আরও বলেন, "ফোন করে মনোনয়ন দেওয়ার নজির বিএনপির ইতিহাসে নেই। মনোনয়ন দেওয়া হবে আনুষ্ঠানিক চিঠির মাধ্যমে।" জেলা বিএনপির সিনিয়র নেতা জাভেদ মাসুদ মিল্টন বলেন, "সোশ্যাল মিডিয়ায় মনোনয়ন নিয়ে যে বিভ্রান্তিকর তথ্য ছড়ানো হচ্ছে তা সত্য নয়। এখন পর্যন্ত কাউকেই মনোনয়নের ইঙ্গিত দেওয়া হয়নি। সবাইকে ধানের শীষের পক্ষে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানানো হয়েছে।" এদিকে, সাবেক ভিপি আবদুল্লাহ খোকন বলেন, "সাত সমুদ্র তেরো নদীর ওপার থেকে একজন নেতা ল্যাপটপ আর মোবাইল নিয়ে পুরো দল চালাচ্ছেন।

২-এর পৃষ্ঠা দেখুন



## গাংনীর কাথুলী সীমান্তে পতাকা বৈঠকের পর দেশে ফিরলেন ১৪

নিজস্ব প্রতিবেদক,গাংনী

মেহেরপুরের গাংনী উপজেলার কাথুলী সীমান্তে বিজিবি ও বিএসএফের পতাকা বৈঠকের মাধ্যমে চার শিশুসহ ১৪ বাংলাদেশিকে ফেরত দিয়েছে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী (বিএসএফ)। শনিবার সকালে এ পতাকা বৈঠক অনুষ্ঠিত হয়। কুষ্টিয়া ব্যাটালিয়ন (৪৭ বিজিবি) অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল মাহবুব মোর্শেদ রহমান এক প্রেস বিজ্ঞপ্তিতে জানান, কাথুলী বিওপি সীমান্ত এলাকার আনুমানিক ১০০ গজ ভেতরে সীমানা রেখার ১৩৩/৩ এস পিলারের কাছে পতাকা বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠক শেষে ভারতের পক্ষ থেকে দুই পরিবারের ১৪ বাংলাদেশিকে বিজিবির কাছে হস্তান্তর করা হয়। ফেরত আসা ব্যক্তিদের মধ্যে ৬ জন পুরুষ, ৪ জন নারী ও ৪ জন শিশু রয়েছে। এদের সকলের বাড়ি ঠাকুরগাঁও জেলায়। তারা দালালের মাধ্যমে অবৈধভাবে বিভিন্ন সীমান্ত দিয়ে ভারতে প্রবেশ করেছিলেন বলে জানা গেছে। পরবর্তীতে তাদের গাংনী থানায় হস্তান্তর করা হয়। পতাকা বৈঠকে ভারতের পক্ষের নেতৃত্ব দেন আসাম রাজ্যের

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে কামরুল হাসানের উদ্যোগে বিনামূল্যে মেডিকেল ক্যাম্প

নিজস্ব প্রতিবেদক

বেকার ও অসহায় মানুষের চিকিৎসা সেবা নিশ্চিত করতে মেহেরপুরে দিনব্যাপী বিনামূল্যে মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে।আজ শনিবার (১৮অক্টোবর) সকাল ১০টা থেকে বিকেল ৫টা পর্যন্ত মেহেরপুর বুড়িপোতা ইউনিয়নের হরিরামপুর প্রাথমিক বিদ্যালয়ে এ ক্যাম্পের আয়োজন করেন জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাড. কামরুল

২-এর পৃষ্ঠা দেখুন

## ধানের শীষের পক্ষে ঐক্যবদ্ধের আহবান আমজাদ হোসেনের

নিজস্ব প্রতিবেদক,গাংনী

বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান মুঠোফোনে দলের নেতাকর্মীদের ধানের শীষ প্রতীকের পক্ষে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহবান জানিয়েছেন। গতকাল শনিবার সকাল ১১টায় মেহেরপুর-২ (গাংনী) আসনের সাবেক সংসদ সদস্য আমজাদ হোসেনের দলীয় কার্যালয়ে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়কালে তিনি এ কথা জানান। সাবেক এমপি আমজাদ হোসেন বলেন, "বিএনপির ধানের শীষের পক্ষে ভোটের মাঠ প্রস্তুত, শুধু আমাদের ঐক্যবদ্ধ থাকতে হবে। যদি আমাকে

২-এর পৃষ্ঠা দেখুন



## গাংনীতে ধারালো অস্ত্রের কোপে বিএনপি কর্মী আহত

নিজস্ব প্রতিবেদক.গাংনী

মেহেরপুরে গাংনীর হিজুলবাড়ীয়া গ্রামে প্রতিপক্ষ বিএনপি কর্মীর ধারাল দেশীয় অস্ত্র (হাসুয়া) এর কোপে আপর বিএনপি কর্মী মারাত্মক আহত হয়েছে। আহত রিপন আলী মেহেরপুর জেলার গাংনী উপজেলার হিজলবাড়িয়া গ্রামের খেদের আলীর ছেলে। গতকাল শনিবার সকাল ১১ টার দিকে এ ঘটনা ঘটে। স্থানীয়রা আহত রিপন

২-এর পৃষ্ঠা দেখুন

## কুষ্টিয়ায় ট্রেনের ধাক্কায় মেহেরপুরের যুবক নিহত

নিজস্ব প্রতিবেদক,গাংনী

কুষ্টিয়ার লালন উৎসবে যোগ দিতে গিয়ে ট্রেনের ধাক্কায় মেহেরপুরের গাংনী উপজেলার মোমিনুল ইসলাম (৩২) নামের এক যুবকের মৃত্যু হয়েছে। শুক্রবার দিবাগত মধ্যরাতে এই দুর্ঘটনা ঘটে। নিহত মোমিনুল ইসলাম গাংনী কাথুলী ইউনিয়নের রাধাগোবিন্দপুর ধলা গ্রামের লিয়াকত আলীর ছেলে। তিনি এক সন্তানের জনক ছিলেন। মোমিনুলের বন্ধু রাকেশ জানান, শুক্রবার বিকেলে তারা কয়েকজন বন্ধু মিলে লালনের তিরোধান দিবসের অনুষ্ঠানে অংশ নিতে কুষ্টিয়া গিয়েছিলেন।

২-এর পৃষ্ঠা দেখুন




## আমঝুপিতে বিশ্ব খাদ্য দিবস উদযাপন

নিজস্ব প্রতিবেদক

বিশ্ব খাদ্য দিবস উপলক্ষে মেহেরপুর আমঝুপির মউক এর হলরুমে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার সকাল ১০ টায় খাদ্য অধিকার বাংলাদেশ ও মেহেরপুর জেলা খাদ্য অধিকার আহবায়ক কমিটি এ অনুষ্ঠানের আয়োজন করে। মউক এর নির্বাহী প্রধান আশাদুজ্জামান সেলিম এর সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি

২-এর পৃষ্ঠা দেখুন



## গহরপুরে জামায়াতে ইসলামী'র গণসংযোগ

নিজস্ব প্রতিবেদক

শনিবার বিকাল ৫টায় মেহেরপুর সদর উপজেলার পিরোজপুর ইউনিয়নের গহরপুর গ্রামে বাংলাদেশ জামায়াতে ইসলামী জেলা শাখার উদ্যোগে গণসংযোগ অনুষ্ঠিত হয়েছে।কর্মসূচিতে নেতৃত্ব দেন বাংলাদেশ জামায়াতে ইসলামী-মেহেরপুর জেলার আমির ও মেহেরপুর-১ আসনের প্রার্থী মাওলানা তাজউদ্দিন খান। এ সময় মেহেরপুর জেলা জামায়াতের নায়েবে আমির মাওলানা মাহবুব উল আলম, সদর উপজেলা আমির সোহেল রানা, উপজেলা সেক্রেটারি ও

২-এর পৃষ্ঠা দেখুন

## জুলাই যোদ্ধাদের স্বৈরাচারের দোসর বলা গুরুতর অসৌজন্যতা: জামায়াত আমির

সূর্যোদয় প্রতিবেদন

জুলাই যোদ্ধাদের 'স্বৈরাচারের দোসর' বলা গুরুতর অসৌজন্যতা বলে মন্তব্য করেছেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান।

শনিবার (১৮ অক্টোবর) নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে দেওয়া এক পোস্টে তিনি এ মন্তব্য করেন। ডা. শফিকুর রহমান লিখেছেন, "জুলাই যোদ্ধাদের স্বৈরাচারের দোসর বলাটা গুরুতর অসৌজন্যতা হিসেবেই বিবেচিত হবে। দয়া করে দায়িত্বশীল কোনো জায়গা থেকে আমরা জীবন বাজি রেখে লড়াই করা জাতির গর্বিত লোকগুলোর ব্যাপারে এমন কথা বলবো না।" তিনি আরও বলেন,

২-এর পৃষ্ঠা দেখুন




## তাতাসা হজ্ব ও ওমরাহ কাফেলা ট্রেনিং প্রোগ্রাম অনুষ্ঠিত

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে তাতাসা হজ্ব ও ওমরাহ কাফেলার ট্রেনিং প্রোগ্রাম অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার সকাল ১০ টায় মেহেরপুর আঞ্চলিক অফিস কার্যালয়ে এই কার্যক্রমের আয়োজন করা হয়। প্রোগ্রামের সভাপতিত্ব করেন তাতাসা হজ্ব ও ওমরাহ কাফেলা ব্যবস্থাপনা পরিচালক মনিরুল ইসলাম। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আমঝুপি ফাজিল মাদ্রাসার প্রিন্সিপাল মাওলানা মাহাবুব উল আলম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর অগ্রণী ব্যাংক পিএসসি এর

২-এর পৃষ্ঠা দেখুন

## শেষ মুহূর্তে সংশোধনী: জুলাইযোদ্ধাদের যুক্ত হলো আইনি দায়মুক্তি

সূর্যোদয় প্রতিবেদন

জুলাই সনদে যুক্ত হলো জুলাইযোদ্ধাদের আইনগত দায়মুক্তির অঙ্গীকার। শেষ মুহূর্তে সনদের অঙ্গীকারনামার পঞ্চম দফায় সংশোধনী এনে এই সিদ্ধান্ত চূড়ান্ত করা হয়েছে। তবে বিএনপি, জামায়াতে ইসলামীসহ ২৪টি রাজনৈতিক দল এর আগেই পূর্বনির্ধারিত অঙ্গীকারনামায় স্বাক্ষর করেছে। ঐকমত্য কমিশন জানিয়েছে, সংশোধিত অঙ্গীকারনামা পুনর্মুদ্রণ করে দলগুলোর মধ্যে পুনরায় বিতরণ করা হবে। ঐকমত্য কমিশনের সহসভাপতি অধ্যাপক আলী রীয়াজ জানিয়েছেন, জুলাইযোদ্ধাদের আন্দোলনের প্রেক্ষিতে পঞ্চম দফায় সংশোধন এনে তাদের আইনগত সুরক্ষা, মৌলিক অধিকার এবং নিরাপত্তা নিশ্চিত করার প্রতিশ্রুতি যোগ করা হয়েছে। তিনি বলেন, "জুলাই আহতদের রাষ্ট্রীয় বীর হিসেবে স্বীকৃতি, আহতদের যথোপযুক্ত সহায়তা এবং জুলাইযোদ্ধাদের আইনগত দায়মুক্তির বিষয়টি সংশোধিত দফায় স্পষ্টভাবে অন্তর্ভুক্ত করা হয়েছে।" দায়মুক্তি ও জুলাই সনদের আইনি ভিত্তির দাবিতে গত বৃহস্পতিবার বিকেলে সংসদ এলাকায়

২-এর পৃষ্ঠা দেখুন

মেসার্স এ. আর. এন্টারপ্রাইজ
প্রোঃ মোঃ আলতাফ হোসেন
এখানে পাওয়া যায়
✓ সকল প্রকার ক্রোকারিজ সামগ্রী
✓ প্লাস্টিক সামগ্রী
খুচরা ও পাইকারি বিক্রয়করা হয়।
কাঁসারী বাজার, মেহেরপুর।
০১৯২২-৬৪৫২১৮, ০১৭০৯-১০৯১৯১
পরিবেশক
• কিয়াম মেটাল ইন্ডাস্ট্রিজ
• আর এফ এল
• আকিজ সিরামিক

অনুবাক্য
মামুনুর রশিদ মামুন
খবর:{ যাত্রা ও নাট্যচর্চায় নিভে

যাচ্ছে শিল্পী ও শিল্পের প্রাণ।
যাত্রা করে ফাতরা লোকে
বলতো লোকে ভাই
আগের মতো যাত্রা পালা
আর কি দেখা যায়।
নবাব সেজে নবাব গিরী
শুধু যাত্রাতেই আসলে
আসল নবাব বাবুর বাপ
ভাত জোটে না কপালে।
নারী-পুরুষ জোট বেঁধে
যাত্রা দেখতে আসতো
হাসি কান্নায় আবেগ ভরে
চোখের পানি ফেলতো।
হারিয়ে গেছে যাত্রাপালা
হারিয়ে গেছে নাট্য গোষ্ঠী
আবার ফিরে আনতে হলে
বন্ধ হবে আকাশ সংস্কৃতি।




সু- খবর সু- খবর সু- খবর
আপনার স্বপ্নের অফিসিয়াল স্মার্ট ফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন এক ছাদের নিচে।
আমাদের কাছে পাচ্ছেন -
■ অথেনটিক প্রোডাক্ট
■ সেরা দাম
■ নির্ভরযোগ্য সেবা
মোবাইল স্টেশন
তাই আর দেরি না করে আপনার প্রয়োজনীয় অফিসিয়াল যে কোনো স্মার্টফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন-ই সংগ্রহ করুন আমাদের কাছ থেকে নিশ্চিন্তে।
আমাদের ঠিকানা: মোবাইল স্টেশন প্রধান সড়ক,মেহেরপুর
হেল্পলাইন: ০১৭১২৫১১১৮১
আপনার হাতে থাকা পুরোনো মোবাইল ফোনটি এক্সচেঞ্জ করতে পারেন খুব সহজেই।
■ বিঃদ্রঃ- আমরা কোন অবস্থায় রিফারবিষ্ট বা ক্লোন মোবাইলবিক্রি করিনা।

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

মেহেরপুর ॥ রোববার ॥ ৩ কার্তিক ১৪৩২ বাংলা ॥ ১৯ অক্টোবর ২০২৫ইং

# “রাতের অন্ধকারে আর কোনো নির্বাচন চাই না” সিইসি

সূর্যোদয় প্রতিবেদন




প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) এ এম এম নাসির উদ্দিন বলেছেন, “আমরা একটি স্বচ্ছ নির্বাচন করতে চাই। গোপন কোনো নির্বাচন হতে দিতে চাই না। আমরা চাই এমন একটি পরিষ্কার-পরিচ্ছন্ন নির্বাচন, যা সবাই নিজের চোখে দেখতে পারে। রাতের অন্ধকারে আর কোনো নির্বাচন দেখতে চাই না।” শনিবার বিকেলে বরিশাল সার্কিট হাউজ সম্মেলন কক্ষে বিভাগের শীর্ষ প্রশাসনের কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময় সভায় প্রধান নির্বাচন কমিশনার এসব কথা বলেন। নাসির উদ্দিন আরও বলেন, “সিইসি হিসেবে যেমন আমার দায়িত্ব আছে, তেমনি দেশের প্রতিটি নাগরিকেরও দায়িত্ব রয়েছে। গণতন্ত্রের অগ্রযাত্রায় সবাইকে অবদান রাখতে হবে।” তিনি বলেন, “আমরা এমন পরিবেশ সৃষ্টি করতে চাই যেখানে প্রতিটি ভোটার নির্বিঘ্নে ভোট দিতে পারে। প্রবাসে থাকা বাংলাদেশিদের জন্যও ভোটের ব্যালটের ব্যবস্থা করা হয়েছে।” সাংবাদিকদের উদ্দেশে সিইসি বলেন, “আমি চাই সাংবাদিকরা আমাদের সহযোগিতা করুন। সংবাদ সংগ্রহে যেন কোনো অসুবিধা না হয়। বরং সাংবাদিকদের আমরা পার্টনার হিসেবে পাশে পেতে চাই।” সভায় বরিশাল বিভাগীয় কমিশনার রায়হান কাওছারের সভাপতিত্বে বিভাগের ৬ জেলা প্রশাসক, রেঞ্জ ডিআইজি, জেলা পুলিশ সুপার, বরিশাল মেট্রোপলিটন পুলিশ কমিশনার, র‌্যাপিড অ্যাকশন ব্যাটালিয়নের (র‌্যাব-৮)

৩-এর পৃষ্ঠা দেখুন

## জীবন ধারা




# ওজন নিয়ন্ত্রণে রাখে ডিটক্স পানীয় ঘরেই বানাবেন যেভাবে

সূর্যোদয় প্রতিবেদক

অনেকেই ওজন নিয়ন্ত্রণে রাখতে নানা চেষ্টা করে থাকেন। তবে নিয়ম মেনে চললেও ওজন কমানো সবসময় সহজ হয় না। এটাকে ভীষণ কঠিন বলে মনে হয়। তাই আপনার শরীরে অতিরিক্ত ওজন নানা সমস্যার কারণ হয়ে দাঁড়িয়েছে। দুশ্চিন্তার বড় কারণ ওজন বৃদ্ধি। এ বিষয়ে চিকিৎসকরা বলছেন, শরীরের বিপাকক্রিয়া (মেটাবলিজম) ঠিকমতো না হলে ওজন নিয়ন্ত্রণে রাখা কঠিন হয়ে পড়ে। আর ওজন নিয়ন্ত্রণে রাখতে শুধু শরীরচর্চা নয়, সঙ্গে দরকার কিছু ঘরোয়া উপায়ও পানীয়। বিশেষ করে এমন কিছু ডিটক্স পানীয় আছে, যা নিয়মিত পান করলে শরীর থেকে টক্সিন দূর হওয়ার পাশাপাশি বাড়তি ওজনও কমাতে সাহায্য করে। এ বিষয়ে চিকিৎসকরা বলছেন, বিশেষ কিছু পানীয় দিনে দুবার পান করলে বিপাকক্রিয়ার হার বাড়বে, হজমশক্তি উন্নত হবে এবং পেট থাকবে পরিষ্কার, যা ওজন কমাতে কার্যকরী ভূমিকা পালন করবে। চলনু জেনে নেওয়া যাক, কোন ডিটক্স পানীয়ে আপনার ওজন কমবে। উপকরণ: ডিটক্স পানীয় তৈরিতে ১ চা চামচ হলুদ গুঁড়া, ১ চা চামচ মৌরি, ১ চা চামচ মেথি, ১ চা চামচ জোয়ান এবং ২ টুকরো দারুচিনি। এই উপকরণগুলো একসঙ্গে মিক্সার বা গ্রাইন্ডারে ভালোভাবে গুঁড়া করে সংরক্ষণ করুন। এরপর দুপুর ও রাতের খাবারের ৩০ মিনিট আগে

৩-এর পৃষ্ঠা দেখুন



# গাংনীতে আমজাদ হোসেনের গণসংযোগ

নিজস্ব প্রতিবেদক,গাংনী

মেহেরপুরের গাংনী উপজেলার বামুন্দিতে গণসংযোগ ও পথসভা করেছেন মেহেরপুর-২ (গাংনী) আসনের সাবেক সংসদ সদস্য ও জেলা বিএনপির সাবেক সভাপতি আমজাদ হোসেন।গতকাল শনিবার বিকেলে বামন্দী ফজলুল হক মেলেটারির ঘোনার মোড় এলাকায় অনুষ্ঠিত এ কর্মসূচি বামন্দী বাসস্ট্যান্ড থেকে শুরু হয়। পথসভায় সভাপতিত্ব করেন বামন্দী ইউনিয়ন বিএনপির সাবেক সভাপতি আমিরুল ইসলাম। সংক্ষিপ্ত বক্তব্যে আমজাদ হোসেন বলেন, “বিএনপির ধানের শীষের পক্ষে ভোটের মাঠ এখন প্রস্তুত। নেতাকর্মীদের ঐক্যবদ্ধ প্রচেষ্টা থাকলে আমরা সফল হব। দল যদি আমাকে মনোনয়ন দেয়, আমি আপনাদের ভালোবাসায় আবারও নির্বাচিত হতে পারব। ২০০৮ সালে আমি নির্বাচিত হয়েছিলাম

৩-এর পৃষ্ঠা দেখুন

# আর রাস্তায় নয়, সব কর্মকাণ্ড সংসদকেন্দ্রিক করতে হবে: মির্জা ফখরুল

সূর্যোদয় প্রতিবেদন

রাজনীতি এখন থেকে রাস্তায় নয়, সংসদকেন্দ্রিক করতে হবেড় এমন আহ্বান জানিয়েছেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর।

শনিবার (১৮ অক্টোবর) রাজধানীর গ্রিন রোডে পানি ভবনের মাল্টিপারপাস হলে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড জাতীয়তাবাদী শ্রমিক কর্মচারী ইউনিয়নের সাধারণ সভা ও সম্মেলনে তিনি এ আহ্বান জানান। মির্জা ফখরুল বলেন, “রাজনৈতিক দলগুলোকে দায়িত্বশীলতার সঙ্গে কাজ করতে হবে। একটি অবাধ ও সুষ্ঠু নির্বাচনের মধ্য দিয়ে যে সংসদ আসবে, সেই সংসদীয় ব্যবস্থাকে শক্তিশালী করার দিকে আমাদের নজর দিতে হবে। সব কর্মকাণ্ড সংসদকেন্দ্রিক করতে হবে। এটি না করলে সংসদীয় গণতন্ত্র কাজ করবে না।” তিনি আরও বলেন,

৩-এর পৃষ্ঠা দেখুন



# মেহেরপুরে কামরুল হাসানের নেতৃত্বে গণসংযোগ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়নে জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসানের নেতৃত্বে গণসংযোগ অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার বিকেল ৫টায় এ কর্মসূচি আয়োজন করা হয়। গণসংযোগের সময় অ্যাডভোকেট কামরুল হাসান স্থানীয় জনগণের হাতে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান ঘোষিত ৩১ দফা দাবি সম্বলিত লিফলেট বিতরণ করেন এবং তাদের সঙ্গে মতবিনিময় করেন। এ সময় জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সাবেক সদস্য আলমগীর খান ছাতু, সদস্য আবু সালেহ নাসিম ও খাইরুল বাশার, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক ওমর ফারুক লিটন, রোমানরা আহমেদ, সদর উপজেলা বিএনপির সভাপতি

৩-এর পৃষ্ঠা দেখুন

# ট্রাম্পের সঙ্গে বৈঠক থেকে খালি হাতে ফিরলেন জেলেনস্কি

সূর্যোদয় প্রতিবেদন

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সঙ্গে হোয়াইট হাউজে বৈঠক করেছেন ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি। তবে এই বৈঠক থেকে তিনি দৃশ্যত খালি হাতেই ফিরেছেন। কারণ, ইউক্রেনকে টমাহক ক্রুজ ক্ষেপণাস্ত্র সরবরাহে যুক্তরাষ্ট্র এখনই প্রস্তুত নয় বলে ইঙ্গিত দিয়েছেন ট্রাম্প।

বৈঠকের পর এক যৌথ সংবাদ সম্মেলনে জেলেনস্কি বলেন, “আমরা দূরপাল্লার ক্ষেপণাস্ত্র নিয়ে আলোচনা করেছি। তবে যুক্তরাষ্ট্র এখনই উত্তেজনা বাড়াতে চায় নাড়তাই এ বিষয়ে বিস্তারিত কিছু বলছি না।” অপরদিকে, ট্রাম্প তার সামাজিক যোগাযোগমাধ্যমে পোস্ট করে কিয়েভ ও মস্কোকে বর্তমান অবস্থানেই যুদ্ধ থামানোর এবং শান্তির পথে অগ্রসর হওয়ার আহ্বান জানান। এই বৈঠকটি

৩-এর পৃষ্ঠা দেখুন




# গোপালনগর কো-অপারেটিভের বার্ষিক সভা

নিজস্ব প্রতিবেদক,মুজিবনগর

মুজিবনগরে গোপালনগর কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিমিটেডের ২৯তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার সকাল ৯টায় ইউনিয়নের অফিস প্রাঙ্গণে এ সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন চেয়ারম্যান আব্দুর রাজ্জাক। প্রধান অতিথি ছিলেন পলাশ মন্ডল, প্রধান আলোচক এনামুল হক, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ওসি মিজানুর রহমান, মাহবুবুল হক ও সুজয় কুমার বসু। ৫৬০০ জন সদস্যের উপস্থিতিতে সভায় আলোচনা হয় ইউনিয়নের কার্যক্রম ও গ্রামে পিছিয়ে পড়া জনগোষ্ঠীর অর্থসামাজিক উন্নয়ন কার্যক্রম নিয়ে। ইউনিয়ন বর্তমানে ৩৭৭০ সদস্যকে বিভিন্ন স্কিমের আওতায় সেবা প্রদান করছে।




# আন্তর্জাতিক গ্রামীণ নারী ও বিশ্ব খাদ্য দিবস উদযাপন

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের আমঝুপিতে আন্তর্জাতিক গ্রামীণ নারী ও বিশ্ব খাদ্য দিবস উদযাপন উপলক্ষে র‌্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।গতকাল শনিবার সকাল ১১টায় মানব উন্নয়ন কেন্দ্র মউক ও এএলআরডি যৌথভাবে এই অনুষ্ঠানের আয়োজন করে। মউকের নির্বাহী প্রধান

৩-এর পৃষ্ঠা দেখুন

# শীর্ষ ৯ জেনারেলকে বরখাস্ত করল চীন, সামরিক বিচারের মুখোমুখি

সূর্যোদয় প্রতিবেদন

চীনের কমিউনিস্ট পার্টি দেশটির নয়জন শীর্ষ জেনারেলকে বরখাস্ত করেছে। একই সঙ্গে তাদের সামরিক বাহিনী থেকেও অপসারণ করা হয়েছে। কয়েক দশকের মধ্যে এটি দেশটির সেনাবাহিনীতে অন্যতম বৃহৎ পদক্ষেপ হিসেবে বিবেচিত হচ্ছে। চীনের প্রতিরক্ষা মন্ত্রণালয়ের এক বিবৃতিতে জানানো হয়, ‘দলের শৃঙ্খলার মারাত্মক লঙ্ঘন এবং দায়িত্ব সংশ্লিষ্ট গুরুতর অপরাধে জড়িত থাকার সন্দেহে’ এদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হয়েছে। বিবৃতিতে আরও বলা হয়, এই জেনারেলরা

৩-এর পৃষ্ঠা দেখুন



# সমন্বিত জাতীয় গণমাধ্যম নীতিমালা প্রণয়নের আহ্বান কাদের গনি চৌধুরীর

সূর্যোদয় প্রতিবেদন

বাংলাদেশ ফেডারেল সাংবাদিক ইউনিয়নের (বিএফইউজে) মহাসচিব কাদের গনি চৌধুরী বলেছেন, দেশে সাংবাদিকতা নিয়ন্ত্রণে এখন পর্যন্ত প্রায় ৫০টি নীতিমালা রয়েছেড়্যা পৃথিবীর ইতিহাসে বিরল ঘটনা। এসব নীতিমালা কেবল সাংবাদিক ও স্বাধীন গণমাধ্যমের ওপরই

৩-এর পৃষ্ঠা দেখুন

# কাতারে আফগানিস্তানের সঙ্গে আলোচনায় বসছে পাকিস্তান

সূর্যোদয় প্রতিবেদন

সীমান্তে রক্তক্ষয়ী সংঘর্ষ ও বিমান হামলায় উত্তেজনা বাড়ার পর কাতারে আলোচনায় বসছে পাকিস্তান ও আফগানিস্তানের কর্মকর্তারা। শনিবার (১৮ অক্টোবর) দোহায় এই বৈঠক অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে। পাকিস্তানের নিরাপত্তা সূত্র জানিয়েছে, সাম্প্রতিক বিমান হামলার লক্ষ্য ছিল আফগান সীমান্ত এলাকায় সক্রিয় জঙ্গি সংগঠন হাফিজ গুল বাহাদুর গ্রুপ, যা পাকিস্তানি তালেবান (টিটিপি)-এর সহযোগী বলে দাবি ইসলামাবাদের। হামলায় অন্তত ১০ জন নিহত হয়েছেন,

৩-এর পৃষ্ঠা দেখুন

✨ জামান বস্ত্রালয় ✨
আপনার আস্থার পোশাকের ঠিকানা
সর্বাধুনিক ফ্যাশনের নান্দনিক সংগ্রহ
জেন্টস, লেডিস ও বাচ্চাদের জন্য মানসম্মত পোশাক
সালোয়ার-কামিজ, থ্রি-পিস, শাড়ি, পাঞ্জাবি, কোটসহ সবকিছু
ঈদ, পূজা, বিয়ে বা যেকোনো উৎসবের জন্য বিশেষ কালেকশন
ন্যায্য দামে গুণগত মানের নিশ্চয়তা
একবার আসুন, দেখুন – তারপরই বুঝবেন পার্থক্য!
ঠিকানা: বড়বাজার, মেহেরপুর
যোগাযোগ: 01718 552784, 01673 980044

## প্রযুক্তি

# সোনার বার কেন আয়তাকার বা বিস্কুট আকৃতির হয়?

সূর্যোদয় প্রতিবেদন



নারীদের কাছে স্বর্ণ শুধু অলংকার নয়, এটি নিরাপদ বিনিয়োগও। তাই অনেকে স্বর্ণের দামের পাশাপাশি এর বিশুদ্ধতা সম্পর্কেও সচেতন। তবে গহনা হিসেবে ব্যবহৃত সোনা যেমন ১৪, ১৮ বা ২২ ক্যারেটের হয়, তেমনি সবচেয়ে বিশুদ্ধ সোনা হলো ২৪ ক্যারেট। এই বিশুদ্ধ সোনা সাধারণত গহনা তৈরিতে নয়, ব্যবহৃত হয় স্বর্ণের বার বা বিস্কুট তৈরিতে। প্রথমত, এই আকৃতি উৎপাদনে সহজ ও কম খরচসাপেক্ষ। স্বর্ণ গলিয়ে আয়তাকার ছাঁচে ঢাললেই তৈরি হয় নিখুঁত বার। দ্বিতীয়ত, পরিবহন ও সংরক্ষণের সুবিধা। আয়তাকার বারের ওজন সমান থাকে, কম জায়গা নেয় এবং সহজে স্তূপ করে রাখা যায়ড়্যা ব্যাংক বা স্বর্ণভান্ডারে নিরাপদ মজুতের জন্য উপযোগী। এছাড়া নির্দিষ্ট ওজন ও পরিমাপ নির্ধারণে এই আকৃতি আদর্শ। এতে

৩-এর পৃষ্ঠা দেখুন

মায়ের হাসি ক্লিনিক
ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব
মোতাছিম বিল্লাহ মতু’র বাসা, কাশারীপাড়া, মেহেরপুর।
পরীক্ষাসমূহ ✅ ই.সি.জি (কম্পিউটারাইজড) ✅ এক্স-রে ✅ আল্ট্রাসনোগ্রাফি ✅ হরমন এনালাইসিস ✅ সকল প্রকার প্যাথলজি পরীক্ষা ✅ মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলিভারি, সিজারিয়ান ও সব ধরনের অপারেশন ✅ আধুনিক যন্ত্রপাতি ও যত্নবান সেবা
সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন : ০১৩০৬-৯২৫৬২৫
মার্কেটিং - জসিম : ০১৭১৩-৯১২৫৫১ বাপ্পী : ০১৭১২-২১৪১৩১
নিয়মিত রোগী দেখেন
শিশুরোগ, শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ
ডাঃ এম.র. মালিক
এমবিবিএস, ডিসিএইচ (আয়ারল্যান্ড) এমএসসি (পুষ্টি) ডিসিএম, সিসিডি, এমএসসি (সাইকো) এমপিএইচ,আইপিপিএস (অষ্টেলিয়া) সিসিড, পিজিপিএন বোস্টন ইউনিভার্সিটি, আমেরিকা)এফআরএসএম (লন্ডন) এফআরএসএইচ (লন্ডন), এমএএমএস (ভিয়েনা), সিপেড, বিসিএস (স্বাস্থ্য)ফেলো রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রেলিয়া এসোসিয়েট প্রফেসর ও বিভাগীয় প্রধান (এক্স) নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল
রোগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
ডাঃ কানিজ নাঈমা
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), ডিসিএইচ (শিশু) জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
রোগী দেখেন: দুপুর ২ টা থেকে ৩ টা। (শুক্রবার ব্যাতিত)
প্রসূতি ও স্ত্রীরোগ চিকিৎসক সার্জন ও সনোলজিষ্ট
ডাঃ রুমানা হেলালী (জুসি)
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (এফ.পি), ডি.এম.ইউ ই ও সি (অবস্ এন্ড গাইনী), মেডিকেল অফিসার, মা ও শিশু কল্যাণ কেন্দ্র,মেহেরপুর। গাইনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী, প্রসূতী, কিশোরী ও স্ত্রী রোগের চিকিৎসা করেন।
মেডিকেল প্রাক্টিশনার ও মেডিসিন রোগে অভিজ্ঞ
ডাঃ মুত্তাকী বিল্লাহ শাফিন
এমবিবিএস(ডিইউ)
আবাসিক মেডিকেল অফিসার, মায়ের হাসি ক্লিনিক, প্রতিদিন নিয়মিত রোগী দেখেন।
মেডিসিন, ডায়াবেটিস ও সনোলজিস্ট
ডাঃ এস.এম. আরাফাত আল আকাশ
এম.বি.বি.এস (ডি.ইউ), সিসিডি (বারডেম), পিজিটি (মেডিসিন), সি এম ইউ (আল্ট্রা) এইচ. এম. ও
রোগী দেখেন: প্রতি শুক্র ও শনিবার সকাল ১০ টা থেকে রাত্রি ৮ টা

হৃদরোগ, মেডিসিন এবং ডায়াবেটিক রোগ বিশেষজ্ঞ
এম.বি.বি.এস (ডি.ইউ) বি.সি.এস (স্বাস্থ্য), ডি-কার্ড কার্ডিওলজি), এফ.সি.পি.এস(মেডিসিন). সি.সি.ডি (বারডেম),এক্স রেসিডেন্ট, কার্ডিওলজি বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল। মেডিকেল অফিসার, জেনারেল হাসপাতাল, মেহেরপুর।



ডা: মো: শাহিনুর রশিদ
চিকিৎসা সেবা সমূহ
• হৃদরোগ (হার্টের সমস্যা)• হার্ট এ্যাটাক/হার্ট ফেলিউর □ হৃদরোগ জনিত শ্বাসকষ্ট বুক ধড়ফড় করা, • হার্টের ভাল্বের সমস্যা • জন্মগত হার্টের ছিদ্র □ এ্যাজমা ও শ্বাসকষ্ট - বক্ষব্যাধি • ডায়াবেটিস • বাতব্যথা বাতজ্বর • কিডনী রোগ • প্রেসার (উচ্চ রক্তচাপ)• রক্তের কলেস্টেরল বৃদ্ধি • লিভার ও পরিপাকতন্ত্রের রোগ • জ্বর (দীর্ঘ কালীন)।
নিয়মিত রোগী দেখছেন ও ইকোকার্ডিওগ্রাফি করছেন শনি থেকে বুধবার বিকাল ৩টা থেকে রাত ৮টা পর্যন্ত।
রাবেয়া মেডিকেল সার্ভিসেস, হাসপাতাল গেট, মেহেরপুর
সিরিয়ালের জন্য যোগাযোগ রিসিপশন: 01754974466, 01724-787313 মার্কেটিং: 01304-100307, 1304-100308

দিন রাত মানবিক সেবার নিশ্চয়তা
কুদরত-ই-খুদা ক্লিনিক এন্ড ল্যাব
মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর সামনে (আসিফ প্লাজা ২ য় তলা)
সিরিয়ালের জন্য : ০১৭৫৭-৮২৮২৭৮
ডা. আ.ফ.ম. মুনতাহী রেজা রুবেল



এমবিবিএস ,বিসিএস(স্বাস্থ্য) এফ.সি.পি.এস (ইউরোলজি) ,এম.স (ইউরোলজি)বিশেষজ্ঞ ও সার্জন ইউরোলজি বিশেষজ্ঞ সার্জন
কিডনী , মুত্রথলী , মুত্রনালী , প্রোস্টেট গ্রান্থি, অন্ডেকোষ , পুরুষ প্রজাননতন্ত ও ফিমেল ইরোলজি বিশেষজ্ঞ ও সার্জন।
রোগী দেখোর সময় : দুপুর ২ টা হতে রাত ৮ টা
শনি ও রবিবার

ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

মেহেরপুর, রোববার, ১৯ অক্টোবর ২০২৫ ইং

## মেহেরপুরে ফল বিপর্যয় দায় কোথায়?

এ বছরের এসএসসি পরীক্ষার ফলাফল দেশের নয়টি সাধারণ শিক্ষা বোর্ডেই হতাশাজনক। মেহেরপুর জেলাও তার ব্যতিক্রম নয়। জেলায় পাসের হার যেমন নিম্নগামী, তেমনি জিপিএ-৫ প্রাপ্ত শিক্ষার্থীর সংখ্যাও কমেছে। এমনকি কিছু শিক্ষাপ্রতিষ্ঠানে সব পরীক্ষার্থী ফেল করেছেড়্যা শিক্ষাব্যবস্থার জন্য এক ধরনের সতর্ক সংকেত। প্রশ্ন হচ্ছে এই বিপর্যয়ের দায় কার? প্রথমত, করোনার অভিঘাতে দীর্ঘ সময় শিক্ষা কার্যক্রম বন্ধ থাকা শিক্ষার্থীদের মৌলিক জ্ঞানভিত্তিকে নড়বড়ে করে দিয়েছে। ষষ্ঠ থেকে দশম শ্রেণি পর্যন্ত পুরো এক প্রজন্ম প্রায় দেড় বছর ক্লাসরুম থেকে বিচ্ছিন্ন ছিল। অনলাইন ক্লাসের উদ্যোগ নিলেও তা ছিল অপ্রতুল, গ্রামীণ এলাকার শিক্ষার্থীদের কাছে প্রায় অপ্রাপ্ত। ফলে তারা শেখার ধারাবাহিকতা হারিয়েছে। দ্বিতীয়ত, এবারের প্রশ্নপত্র বিশেষ করে গণিতে কঠিন হওয়ায় শিক্ষার্থীরা বিপাকে পড়েছে। পরীক্ষার মান নির্ধারণে কঠোরতা রাখা যেতে পারে, তবে সেই মানে পৌঁছাতে প্রয়োজন পূর্বপ্রস্তুতি যা শিক্ষার্থীরা পায়নি। তৃতীয়ত, উত্তরপত্র মূল্যায়নে এবার কড়াকড়ি বাড়ানো হয়েছে। মানসম্মত মূল্যায়ন অবশ্যই প্রয়োজন, কিন্তু যদি শিক্ষাদান ব্যবস্থায় ঘাটতি থেকেই যায়, তাহলে কড়াকড়ি মূল্যায়ন কেবল ব্যর্থতার সংখ্যা বাড়ায়, গুণগত মান নয়। চতুর্থত, শিক্ষকদের দায় এড়ানোও যায় না। অনেক শিক্ষক শ্রেণিকক্ষে পাঠদানের চেয়ে প্রাইভেট টিউশনি ও কোচিংয়ে বেশি মনোযোগী। এর ফলে স্কুলে নিয়মিত পাঠচর্চা দুর্বল হয়ে পড়েছে। শিক্ষকতা এখন অনেকের কাছে পেশার চেয়ে আয়মুখী মাধ্যম হিসেবে দাঁড়িয়েছে, যা শিক্ষার মানকে মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত করছে। রাজনৈতিক পরিস্থিতিও এই দুরবস্থার পেছনে ভূমিকা রেখেছে। বিভিন্ন সময়ে অস্থিরতা, শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকা, ক্লাসের অনুপস্থিতিড়্সব মিলিয়ে শিক্ষার্থীরা একটি অসম্পূর্ণ শিক্ষাজীবনের মধ্য দিয়ে গেছে। তবে এই ম্লান চিত্রের ভেতরেও কিছু আলোর রেখা রয়েছে। যশোর বোর্ডের অধীনে অনুষ্ঠিত পরীক্ষায় গাংনী সন্ধানী স্কুল অ্যান্ড কলেজ ৯৪ শতাংশ পাসের হার ধরে রেখেছে, ২৩ জন শিক্ষার্থী জিপিএ-৫ অর্জন করেছে। এই সাফল্য প্রমাণ করে, সুযোগ ও পরিকল্পনা থাকলে একই পরিবেশেও ভালো ফল সম্ভব। কিন্তু একটি জেলার এক-দুটি প্রতিষ্ঠানের সাফল্য দিয়ে সার্বিক ব্যর্থতা ঢেকে রাখা যায় না। শিক্ষা প্রশাসন, শিক্ষক, অভিভাবক ও নীতিনির্ধারকদের সম্মিলিতভাবে ভাবতে হবেড়্কেন আমাদের সন্তানরা বারবার ব্যর্থ হচ্ছে? শিক্ষায় বিনিয়োগ শুধু অবকাঠামোয় নয়, বরং শিক্ষক প্রশিক্ষণ, শেখার ঘাটতি পূরণ ও পাঠদানের মানোন্নয়নে জরুরি পদক্ষেপ নিতে হবে। অন্যথায় এই ফল বিপর্যয় সাময়িক নয়, দীর্ঘমেয়াদি এক শিক্ষা-সঙ্কটে রূপ নেবে যার প্রভাব পড়বে আমাদের ভবিষ্যৎ প্রজন্মের ওপর।

## গাংনীর কাথুলী সীমান্তে পতাকা

(প্রথম পৃষ্টার পর)

তেইমপুর ক্যাম্পের কোম্পানি কমান্ডার অনুজ কুমার। তবে বাংলাদেশের পক্ষ থেকে কারা অংশ নেনড় সে বিষয়ে বিজিবি কোনো তথ্য দেয়নি। ফেরত আসা ব্যক্তিদের মধ্যে রয়েছেন ঠাকুরগাঁও জেলার বলিয়াডাঙ্গী থানার জেলেল বস্তি গ্রামের মৃত আলাউদ্দিনের ছেলে হানিফুর রহমান (৩৮), তার স্ত্রী লুৎফা খাতুন (২৮), মেয়ে হাবিবা খাতুন (১২), আলিয়া খাতুন (১.৫), ছেলে হাবিবুল্লাহ (৫)। এছাড়া খাদেমগঞ্জ গ্রামের মৃত কলিম উদ্দিনের ছেলে বাবুল (৫০), তার স্ত্রী আফরোজা খাতুন (৪৩), মেয়ে লাভলী খাতুন (২৫), শবনম খাতুন (১৯), ছেলে সাদ্দাম হোসেন (২৪), বেউরঝাকী গ্রামের আজগর আলীর ছেলে তরিকুল ইসলাম (২৮), রত্নাই গ্রামের ধুনিবুল্লা মোহাম্মদের ছেলে আজিজুল হক (৪৫) ও লক্ষহাট গ্রামের আব্দুল লতিবের ছেলে হাসেম হাতেম (৫২)। হানিফুর রহমান জানান, “তিন বছর আগে জীবিকার তাগিদে দালালের মাধ্যমে পানিপথ হয়ে ভারতে গিয়েছিলাম। আসাম রাজ্যের হরিয়ানায় পাপোস তৈরির কারখানায় কাজ করতাম। গত ২১ সেপ্টেম্বর ভারতের পুলিশ আমাদের আটক করে। পরে পতাকা বৈঠকের মাধ্যমে আমাদের বিজিবির কাছে হস্তান্তর করা হয়।”

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বনি ইসরাইল বলেন, “আইনি প্রক্রিয়া শেষে ফেরত আসা ব্যক্তিদের নিজ নিজ পরিবারের কাছে হস্তান্তর করা হবে।”

## তারেক রহমানের ফোনে মেহেরপুরে

(প্রথম পৃষ্টার পর)

সেই নেতার নাম তারেক রহমান। তাঁকে প্রধানমন্ত্রী করে সরকার গঠন করতে হবে। এই মুহূর্তে বিভেদ ছড়ানোর যে অপচেষ্টা চলছে তা অত্যন্ত দুঃখজনক।” শিক্ষক-কর্মচারি ঐক্য পরিষদের মহাসচিব জাকিবর হোসেন বলেন, “দল আগেই সবাইকে ঐক্যবদ্ধভাবে কাজ করার নির্দেশ দিয়েছে। এখন বিভেদ নয়, ঐক্যই গুরুত্বপূর্ণ।” স্থানীয় রাজনৈতিক মহল মনে করছে, এই ফোন কলকে কেন্দ্র করে দলীয় মনোনয়নকে ঘিরে নতুন করে উত্তাপ ছড়াতে শুরু করেছে মেহেরপুর বিএনপিতে। যদিও কেন্দ্রীয় নেতৃত্বের অবস্থান স্পষ্ট এখনই কাউকে মনোনয়ন দেওয়া হয়নি। সবাইকে ঐক্যবদ্ধ থেকে ধানের শীষের পক্ষে মাঠে থাকার নির্দেশই দিয়েছেন দলের ভারপ্রাপ্ত চেয়ারম্যান।

## কার্গো ভিলেজে ভয়াবহ আগুনে

(প্রথম পৃষ্টার পর)

১১টি ইউনিট ঘটনাস্থলের পথে রয়েছে। ফায়ার সার্ভিস কন্ট্রোল রুমের ডিউটি অফিসার রাফি আল ফারুক জানান, দুপুর ২টা ৩০ মিনিটে আগুন লাগার খবর পায় ফায়ার সার্ভিস। পরে ২টা ৩৪ মিনিটে প্রথম চারটি ইউনিট ঘটনাস্থলের উদ্দেশে রওনা হয় এবং তারা দ্রুতই কাজ শুরু করে। কার্গো ভিলেজের এক প্রত্যক্ষদর্শী জানান, প্রথমে কুরিয়ার গুদামে আগুন লাগে, পরে তা ছড়িয়ে পড়ে আশপাশের এলাকায়। “আগুন দাউ দাউ করে জ্বলছে। ফায়ার সার্ভিসের সদস্যরা প্রাণপণ চেষ্টা চালাচ্ছেন আগুন নিয়ন্ত্রণে আনার,” বলেন তিনি। এএফএম ট্রেড ইন্টারন্যাশনাল নামের একটি আমদানিকারক প্রতিষ্ঠানের কর্মকর্তা মাহবুবুল আলম নিয়ন বলেন, “আজ দুপুর ১২টার দিকে আমরা আমাদের আমদানি করা মালামাল কার্গো ভিলেজে রাখি। এখন সব পুড়ে ছাই হয়ে গেছে।” আগুন লাগার কারণ এখনো জানা যায়নি, তবে তদন্ত শুরু হয়েছে বলে ফায়ার সার্ভিস সূত্র জানিয়েছে। এখন পর্যন্ত কোনো হতাহতের খবর পাওয়া যায়নি। বিমানবন্দর কর্তৃপক্ষ জানিয়েছে, পরিস্থিতি নিয়ন্ত্রণে এলে ধীরে ধীরে ফ্লাইট চলাচল স্বাভাবিক করা হবে।

## গহরপুরে জামায়াতে ইসলামী’র

(প্রথম পৃষ্টার পর)

আমঝুপি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান প্রার্থী জাব্বারুল ইসলাম মাষ্টার, মেহেরপুর শ্রমিক ফেডারেশনের সদরের সভাপতি আবুল হোসেন, পিরোজপুর ইউনিয়নের ভারপ্রাপ্ত আমির মিয়ারুল ইসলাম, সেক্রেটারি জমিরুল ইসলাম এবং গহরপুর ওয়ার্ড সভাপতি আব্দুল হালিমসহ ইউনিয়নের অন্যান্য নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। গণসংযোগে আসন্ন রাজনৈতিক কর্মকাণ্ডে জনসম্পৃক্ততা বৃদ্ধির পাশাপাশি দলীয় প্রার্থীর পক্ষে সর্বাত্মক সমর্থনের আহ্বান জানানো হয়।

## মেহেরপুরে কামরুল হাসানের

(প্রথম পৃষ্টার পর)

হাসান। কুষ্টিয়া ল্যাব কেয়ার-এর যৌথ ব্যবস্থাপনায় আয়োজিত ক্যাম্পে ১৭ জন বিশেষজ্ঞ চিকিৎসক প্রায় দেড় হাজার সাধারণ মানুষকে চিকিৎসা সেবা দেন। একই সঙ্গে প্রাথমিক ও প্রয়োজনীয় ওষুধও বিনামূল্যে বিতরণ করা হয়।

চিকিৎসা নিতে আসা স্থানীয় নাসরিন বেগম জানান, “ সংসারে বিভিন্ন আভাব- অনটনের কারণে চিকিৎসা নেওয়া হয়নি। আজ এখানে চিকিৎসা সেবা নিতে এসেছি। ডাক্তার ভালো ভাবে দেখেছে, বেশরি ভাগ ঔষধই এখান থেকে দিয়ে দিয়েছে। মেডিকেল ক্যাম্পের প্রধান সমন্বয়ক ও ল্যাব কেয়ারের চেয়ারম্যান ডা. সজিবুল হক বলেন, “এই ক্যাম্পের আয়োজন করেছেন জেলা বিএনপির সাধারণ সম্পাদক কামরুল হাসান। তিনি ব্যক্তিগতভাবে প্রতি সপ্তাহে শহর ও ইউনিয়নে এ ধরনের সেবামূলক কার্যক্রম চালিয়ে যাচ্ছেন।”

লাবীবা আরজুমান্দ

## মেহেরপুরের শ্রমবাজারে নতুন দিগন্তের আভাস



বিশ্ব অর্থনীতি যেমন বদলে যাচ্ছে, তেমনি শ্রমবাজারেও তৈরি হচ্ছে নতুন নতুন সুযোগ। সম্প্রতি দক্ষিণ-পূর্ব ইউরোপের দেশ আলবেনিয়া বাংলাদেশের দক্ষ ও অদক্ষ কর্মী নিয়োগে আগ্রহ প্রকাশ করেছে যা বাংলাদেশের শ্রমবাজারের জন্য এক সম্ভাবনাময় দিগন্ত খুলে দিতে পারে। বিশেষত মেহেরপুরসহ দেশের প্রত্যন্ত অঞ্চলের জন্য এই সুযোগ নতুন আশার আলো হয়ে আসতে পারে। জাতিসংঘের ৮০তম সাধারণ অধিবেশনের সাইডলাইনে এক বৈঠকে আলবেনিয়ার প্রেসিডেন্ট বাজারম বেগাই বাংলাদেশের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে সাক্ষাৎ করেন। সেখানে তিনি জানান, আলবেনিয়ার ক্রমবর্ধমান শ্রমবাজারে বাংলাদেশের দক্ষ ও অদক্ষ কর্মীদের চাহিদা বাড়ছে। কৃষি, শিল্প, সেবা ও চিকিৎসাড়্বিভিন্ন খাতে বাংলাদেশের কর্মীরা গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারেন বলে আশাবাদ ব্যক্ত করেন তিনি। প্রধান উপদেষ্টা ড. ইউনূস এ প্রস্তাবকে স্বাগত জানিয়ে বলেন, বাংলাদেশের তরুণ ও গতিশীল কর্মশক্তি আন্তর্জাতিক শ্রমবাজারে প্রতিযোগিতামূলক ভূমিকা রাখতে সক্ষম। তিনি একই সঙ্গে আলবেনিয়ার সরকারকে ভিসা প্রক্রিয়া সহজ করার আহ্বান জানান, কারণ বর্তমানে বাংলাদেশি নাগরিকদের নিউ দিল্লিতে গিয়ে আবেদন করতে হয়। এর জবাবে প্রেসিডেন্ট বেগাই জানান, বাংলাদেশিদের জন্য ই-ভিসা চালুর বিষয়টি আলবেনিয়া গুরুত্ব সহকারে বিবেচনা করছে। প্রধান উপদেষ্টার দপ্তরের উপ-প্রেসসচিব আজাদ মজুমদার জানিয়েছেন, দুই দেশের মধ্যে সহযোগিতা বাড়াতে উচ্চপর্যায়ের সফর ও প্রাতিষ্ঠানিক যোগাযোগ বৃদ্ধির প্রস্তাবও দেন আলবেনিয়ার প্রেসিডেন্ট। অন্যদিকে, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত উপদেষ্টা আসিফ নজরুল জানান, বাংলাদেশ চিকিৎসক-নার্স থেকে শুরু করে শিল্প ও কৃষি খাতের শ্রমিকড়্বিভিন্ন শ্রেণির কর্মী সরবরাহে প্রস্তুত রয়েছে। এ জন্য একটি সমঝোতা স্মারক স্বাক্ষরের গুরুত্বও তিনি তুলে ধরেন। শুধু শ্রম নয়, শিক্ষা ক্ষেত্রেও সহযোগিতার দ্বার খুলছে আলবেনিয়া। প্রেসিডেন্ট বেগাই ঘোষণা দেন, তাদের বিশ্ববিদ্যালয়গুলোতে আন্তর্জাতিক ভর্তি কর্মসূচির আওতায় বাংলাদেশি শিক্ষার্থীরা অধ্যয়নের সুযোগ পাবেন। এই বৈঠক দেশের প্রত্যন্ত অঞ্চলের, বিশেষ করে মেহেরপুরের মতো জেলাগুলোর জন্য নতুন সম্ভাবনার প্রতীক। বহুদিন ধরেই মেহেরপুরের তরুণরা জীবিকার সন্ধানে বিদেশমুখী। এখন যদি ইউরোপের মতো উন্নত অঞ্চলে নতুন দরজা খুলে যায়, তবে তা স্থানীয় অর্থনীতিতে বড় পরিবর্তন আনতে পারে। তবে সুযোগের পাশাপাশি দায়িত্বও রয়েছে। বিদেশগামী শ্রমিকদের সঠিক প্রশিক্ষণ, ন্যায্য বেতন, এবং আইনি সুরক্ষা নিশ্চিত করতে হবে। অন্যথায় বিদেশে কর্মসংস্থানের স্বপ্নই হয়ে উঠতে পারে দুঃস্বপ্ন। যদি সরকার ও সংশ্লিষ্ট সংস্থাগুলো দূরদর্শিতার সঙ্গে এই প্রক্রিয়া পরিচালনা করে, তবে মেহেরপুর থেকে ভূমধ্যসাগর পর্যন্ত গড়ে উঠবে এক নতুন সেতুবন্ধ যা বদলে দিতে পারে হাজারো পরিবারের ভবিষ্যৎ। (বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (বিইউপি), ঢাকা)

# আল্লাহ সর্বপ্রথম কী সৃষ্টি করেছেন?

সৈয়দ নজরুল ইসলাম

আল্লাহ তাআলা এই মহাবিশ্বকে কোনো উদ্দেশ্য ছাড়া সৃষ্টি করেননি। আকাশ, পৃথিবী, পানি, আরশ ও মানুষ সবকিছুই তাঁর জ্ঞান, প্রজ্ঞা ও ইচ্ছার বহিঃপ্রকাশ। তবে প্রশ্ন ওঠে আল্লাহ সর্বপ্রথম কী সৃষ্টি করেছিলেন? এ বিষয়ে ইসলামী পণ্ডিতদের মধ্যে তিনটি প্রধান মত পাওয়া যায় কলম, আরশ ও পানি। প্রথম মত : কলম ইবনে জারির তাবারি ও ইবনুল জাওজি (রহ.) বলেন, আল্লাহ সর্বপ্রথম কলম সৃষ্টি করেন।

রাসুল (সা.) বলেন, “আল্লাহ তাআলা সর্বপ্রথম কলম সৃষ্টি করেছেন এবং তাকে বলেন, ‘লেখো’। তখন কলম কিয়ামত পর্যন্ত যা ঘটবে, সব লিখে ফেলল।” আরেক হাদিসে আছে, “আল্লাহ আকাশ ও পৃথিবী সৃষ্টি করার ৫০ হাজার বছর আগে সব সৃষ্টির তাকদির নির্ধারণ করেছিলেন।” এই মত অনুযায়ী, সৃষ্টির তাকদির লিপিবদ্ধ করার মাধ্যম হিসেবে কলমই ছিল প্রথম সৃষ্টি। দ্বিতীয় মত : আরশ। আরেক দল আলেম বলেন, প্রথম সৃষ্টি ছিল আরশ। সহিহ বুখারিতে রাসুল (সা.) বলেন, “আল্লাহ ছিলেন, তাঁর আগে কিছুই ছিল না। আর তাঁর আরশ ছিল পানির ওপর।” ইবনে তাইমিয়া ও ইবনে কাইয়িম (রহ.) প্রমুখ বলেন, আরশই ছিল আল্লাহর প্রথম সৃষ্টি, এরপর কলম ও অন্য সব কিছু। সহিহ মুসলিমে বর্ণিত, “আল্লাহ আকাশ ও পৃথিবী সৃষ্টি করার ৫০ হাজার বছর আগে তাকদির নির্ধারণ করেছিলেন, তখন তাঁর আরশ ছিল পানির ওপর।” অতএব, এই মত অনুযায়ী আরশ কলমের আগেই সৃষ্টি হয়। তৃতীয় মত : আবু হুরাইরা (রা.) থেকে বর্ণিত, “রাসুল (সা.) বলেন, সব কিছুই পানির মাধ্যমে সৃষ্টি করা হয়েছে।” কোরআনেও বলা হয়েছে, “তাঁর আরশ ছিল পানির ওপর।”এতে বোঝা যায়, পানি জীবসৃষ্টির মূল উপাদান এবং সৃষ্টির প্রাথমিক ধাপের অন্যতম অংশ ছিল। এই তিনটি মত পরস্পর বিরোধী নয়, বরং সৃষ্টির ধারাবাহিকতা নির্দেশ করে। সম্ভবত আল্লাহ তাআলা প্রথমে সৃষ্টি করেছেন আরশ, তারপর পানি, এরপর কলম, যার মাধ্যমে নির্ধারিত হয়েছে তাকদির। এই বিশাল মহাবিশ্বের প্রতিটি কণা আল্লাহর প্রজ্ঞা ও পরিকল্পনারই প্রতিফলন। সৃষ্টিজগত কোনো কাকতালীয় বিষয় নয়ড় এটি এক মহান স্রষ্টার সুচিন্তিত ব্যবস্থার নিদর্শন।

এসময় কামরুল হাসান বলেন, হরিরামপুর প্রত্যন্ত একটি অঞ্চল। ভারত ঘেষা একটি গ্রাম। এখান থেকে রুগী নিয়ে যেয়ে মেহেরপুরে চিকিৎসা করানো খুর দুরহ একটা ব্যপার। এখানকার মানুষ চিকিৎসার অভাবে ধুকে ধুকে মরে। আমরা আমাদের ভারপ্রাপ্ত চেয়রম্যান তারেক রহমানের

৩১ দফার মধ্যে অসহায় মানুষের স্বাস্থ সেবা নিশ্চিৎ করতে হবে। তাই৩১ দফা বস্তবায়রে জন্য আমি ক্যাম্পের মাধ্যমে মানুষের কাছে বিনামূল্যে চিকিৎসা সেবা ও ঔষধ মানুষের দৌর গোড়ায় পৌছে দেবার চেষ্টা করছি।

## জামায়াত আমির

(প্রথম পৃষ্টার পর)

“কেউ এমন আচরণ করলে জাতি তাদের ক্ষমা করবে না। সব ক্ষেত্রে রাজনৈতিক নেতৃবৃন্দ আমরা দায়িত্বশীলতার পরিচয় দেবো, ইনশাআল্লাহ।” জুলাই যোদ্ধারা সম্প্রতি ঘোষিত “জুলাই সনদ”-এর মাধ্যমে জাতীয় রাজনীতিতে নতুন মাত্রা যোগ করেছেন। তবে তাদের ভূমিকা ও অবস্থান নিয়ে রাজনৈতিক মহলে নানা আলোচনা চলছে। এই প্রেক্ষাপটে জামায়াত আমিরের মন্তব্যটি বিশেষ তাৎপর্যপূর্ণ বলে বিশ্লেষকরা মনে করছেন।

## শেষ মুহূর্তে সংশোধনী

(প্রথম পৃষ্টার পর)

বিক্ষোভে নামেন জুলাইযোদ্ধারা। শুক্রবার দুপুরে সনদ স্বাক্ষর অনুষ্ঠানের আগে তারা সংসদ ভবনের দক্ষিণ প্লাজায় প্রবেশ করে অবস্থান নেন। তাদের দাবি, জুলাই-আগস্টের গণঅভ্যুত্থানে আওয়ামী লীগ ও আইনশৃঙ্খলা বাহিনীর হামলায় বহু আন্দোলনকারী নিহত ও আহত হলেও, পাল্টা প্রতিরোধে যেসব সরকারি বাহিনীর সদস্য নিহত হয়েছেন, তাদের বিরুদ্ধে কোনো মামলা চলবে না। বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমেদ তার ভেরিফায়েড ফেসবুক পেজে লিখেছেন, “সনদের সংশোধন সময়োপযোগী সিদ্ধান্ত। গণঅভ্যুত্থানে আওয়ামী ফ্যাসিস্ট বাহিনী ও তাদের অনুগত আইনশৃঙ্খলা বাহিনী ছাত্র-জনতার ওপর গণহত্যা চালায়। তবে জনগণের প্রতিরোধের মুখে যারা নিহত হয়েছে, তারা ছিল হানাদার ও গাদ্দার। তাদের বিচার যুদ্ধক্ষেত্রেই সম্পন্ন হয়েছে।” আগের অঙ্গীকারনামার পঞ্চম দফায় বলা হয়েছিল- “গণঅভ্যুত্থান-পূর্ব ১৬ বছরের ফ্যাসিবাদবিরোধী গণতান্ত্রিক সংগ্রামে এবং গণঅভ্যুত্থানকালে সংঘটিত গুম, খুন ও গণহত্যার বিচার করা হবে। শহীদদের রাষ্ট্রীয় মর্যাদা, শহীদ পরিবার ও আহতদের সুচিকিৎসা ও পুনর্বাসন নিশ্চিত করা হবে।” সংশোধিত দফায় যুক্ত করা হয়েছে “গণঅভ্যুত্থান-পূর্ব বাংলাদেশে ১৬ বছরে আওয়ামী ফ্যাসিবাদবিরোধী সংগ্রামে গুম, খুন ও নির্যাতনের শিকার হওয়া ব্যক্তিদের এবং ২০২৪ সালের জুলাই-আগস্ট গণঅভ্যুত্থানকালে ফ্যাসিস্ট আওয়ামী লীগ ও তাদের সহযোগী বাহিনীর কতিপয় সদস্যের দ্বারা সংঘটিত হত্যাকাণ্ডের বিচার করা হবে। শহীদদের রাষ্ট্রীয় মর্যাদা প্রদান, আহতদের রাষ্ট্রীয় বীর ঘোষণা, মাসিক ভাতা, সুচিকিৎসা, পুনর্বাসন এবং শহীদ পরিবার ও আহত বীর যোদ্ধাদের আইনগত দায়মুক্তি, মৌলিক অধিকার সুরক্ষা ও নিরাপত্তা নিশ্চিত করা হবে।”

## তাতাসা হজ্ব ও ওমরাহ কাফেলা

(প্রথম পৃষ্টার পর)

এজিএম রমজান আলী, তাতাসা হজ্ব ও ওমরাহ কাফেলার উপদেষ্টা আবুল হাশেম এবং পৌর আমির সোহেল রানা ডলার। অনুষ্ঠানের সঞ্চালনা করেন ভেড়ামারা ল্যাব এইচ ডায়াগনস্টিক সেন্টারের ব্যবস্থাপনা পরিচালক ও সাংবাদিক শাহ জামাল। প্রশিক্ষণ প্রোগ্রামের মাধ্যমে কাফেলা পর্যায়ে হজ্ব ও ওমরাহ যাত্রা সহজ ও সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করা হয়।

## আমঝুপিতে বিশ্ব খাদ্য দিবস

(প্রথম পৃষ্টার পর)

ছিলেন জেলা মহিলা বিষয়ক অফিসার নাসিমা আক্তার। বিশেষ অতিথি ছিলেন উপজেলা অতিরিক্ত কৃষি অফিসার মোঃ সাহাজুল ইসলাম ও উপজেলা সমবায় অফিসার মোঃ মনিরুজ্জামান। মানবাধিকার কর্মী সাদ আহাম্মদের সঞ্চালনায়

সভায় বক্তাগন সবার জন্য প্রয়োজনীয় খাদ্য চাই, খাদ্য অধিকার আইন, সামাজিক সুরক্ষা কর্মসুচীতে বরাদ্দ বাড়ানো সহ খাদ্য সহ নিত্য প্রয়োজনীয় দ্রব্যাধির মুল্য কমানোর বিষয় তুলে ধরেন। আলোচনার আগে একটি বার্ণাঢ্য র‌্যালী বিভিন্ন সড়ক প্রদক্ষিন করে।

## কুষ্টিয়ায় ট্রেনের ধাক্কায় মেহেরপুরের

(প্রথম পৃষ্টার পর)

সারাদিন ঘোরাঘুরির পর রাতে ট্রেনলাইনের পাশে বসে বিশ্রাম নিচ্ছিলেন। এ সময় একটি ট্রেন চলে আসলে দ্রুত সরে যাওয়ার চেষ্টা করার সময় মোমিনুলের মাথায় ট্রেনের ধাক্কা লাগে। ঘটনাস্থলেই তিনি মারা যান। নিহতের মা মেমিনা খাতুন বলেন, “আমার ছেলে বিকেল তিনটার দিকে বাড়ি থেকে বের হয়েছিল। মধ্যরাতে ফোনে জানতে পারি, সে আর বেঁচে নেই।” মোমিনুলের খালা নূরনিহার বলেন, “খুবই দারিদ্র্যের মধ্য দিয়ে সংসার চালাত। তার ছোট সন্তানটির ভবিষ্যৎ এখন অন্ধকার।” কুষ্টিয়ার কুমারখালী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা খন্দকার জিয়াউর রহমান জানান, খবর পেয়ে পুলিশ মরদেহ উদ্ধার করে কুষ্টিয়া জেনারেল হাসপাতালের মর্গে পাঠায়। পরে আইনগত প্রক্রিয়া শেষে মরদেহ স্বজনদের কাছে হস্তান্তর করা হয়েছে।

## ধানের শীষের পক্ষে ঐক্যবদ্ধের

(প্রথম পৃষ্টার পর)

আবার মনোনয়ন দেওয়া হয়, আমি নির্বাচনে জয়ী হয়ে আসনটি দলের কাছে ফিরিয়ে দিতে পারব।” তিনি অতীতের রাজনৈতিক নির্যাতন ও নিপীড়নের কথাও উল্লেখ করে নেতাকর্মীদের প্রতি ধন্যবাদ জানান। এ সময় উপস্থিত ছিলেন জেলার বিএনপির সাবেক সহসভাপতি উপাধ্যক্ষ নাসিরুদ্দিন, আমিরুল ইসলাম, উপজেলা বিএনপির সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক সাজেদুর রহমান বুলবুল, ধানখোলা ইউনিয়ন বিএনপির সাবেক যুগ্ম সম্পাদক নুর ইসলামসহ দলের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন। এছাড়াও বিভিন্ন ইউনিয়নের নেতৃবৃন্দ দলের পক্ষে কাজ করার লক্ষে তাদের মতামত ব্যাক্ত করেন।

## গাংনীতে ধারালো অস্ত্রের কোপে

(প্রথম পৃষ্টার পর)

আলীকে উদ্ধার করে গাংনী স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করে। পুলিশ ও স্থানীয়রা জানান, সকালে খেদের আলী বাড়ির পাশের চায়ের দোকানে বলে এবার গাংনীতে মনোনয়ন পবে আমজাদ হোসেন আর মেহেরপুরে মাসুদ অরুন। এই নিয়ে দোকানে থাকা অন্যরা খেদের আলীর উপর চড়াও হলে তিনি বাড়ি চলে আসে। কিছুক্ষন পর আকুব আলী খেদেরের বাড়ির সামনে দিয়ে যাওয়ার সময় খেদেরের বড় ছেলে রিপন আলী আকুবকে তার বাবার উপর চড়াও হওয়া নিয়ে শাশায়। এ সময় আকুবের হাতে থাকা দেশীয় অস্ত্র (হাসুয়া) দিয়ে রিপন আলীর গলায় কোপ দেয়। গাংনী স্বাস্থ কমপ্লেক্সের আবাসিক মেডিকেল অফিসার মাসুদ রানা বলেন, আহত রিপন আলীর গলায় ক্ষত হয়েছে তাকে চিকিৎসা প্রদান করা হচ্ছে।

## জুলাই সনদের পর নির্বাচন হতে বাধা নেই: শামসুজ্জামান দুদু

নিজস্ব প্রতিবেদক,মুজিবনগর

বিএনপির ভাইস চেয়ারম্যান শামসুজ্জামান দুদু বলেছেন, জুলাই সনদ স্বাক্ষর হওয়ার পর দেশে নির্বাচন নিয়ে আর কোন সমস্যা নেই। আগামী জাতীয় সংসদ নির্বাচন জানুয়ারি-ফেব্রুয়ারির মধ্যেই হবে বলে বিএনপি প্রত্যাশা করে। গতকাল শনিবার সকালে চুয়াডাঙ্গা শহরের বড় বাজার এলাকায় নির্বাচনী প্রচারণায় অংশ নিয়ে তিনি একথা বলেন।জুলাই সনদে স্বাক্ষর না করা প্রসঙ্গে তিনি বলেন, সবার গণতান্ত্রিক অধিকার আছে। সকলের ভিন্নমত পোষণের সুযোগ আছে। যেসব দল ভিন্নমত পোষণ করে জুলাই সনদ স্বাক্ষর অনুষ্ঠানে যায়নি আমাদের ধারণা তারা ভবিষ্যতে স্বাক্ষর করবে। কেননা, প্রধান উপদেষ্টা ও জাতীয় ঐকমত্য কমিশনের চেয়ারম্যান বলেছেন যেসব দল স্বাক্ষর করেনি, তাদের জন্য ভবিষ্যতেও সুযোগ আছে। বিএনপি সরকার গঠন করলে ঘোষিত ৩১ দফা বাস্তবায়ন করে দেশের উন্নয়ন গতিশীলতা প্রতিষ্ঠিত হবে বলেও মন্তব্য করেন তিনি।

নির্বাচনী প্রচারণায় আরো উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা বিএনপির সাবেক যুগ্ম আহ্বায়ক অ্যাডভোকেট ওয়াহেদুজ্জামান বুলা, জেলা আইনজীবী সমিতির সভাপতি অ্যাডভোকেট শামীম রেজা ডালিম ও স্বেচ্ছাসেবকদলের সাধারণ সম্পাদক এম এ তালহা।

## পাকিস্তানের সীমান্ত হামলায় ৩ আফগান ক্রিকেটার নিহত

সূর্যোদয় প্রতিবেদন

পাকিস্তানের সীমান্তে সংঘটিত হামলায় আফগানিস্তানের তিনজন ক্রিকেটার নিহত হয়েছে। আফগানিস্তান ক্রিকেট বোর্ড (এসিবি) শুক্রবার এক ঘোষণা দিয়ে এই মর্মান্তিক ঘটনার তথ্য নিশ্চিত করেছে। এ ঘটনার পর আফগানিস্তান আগামী মাসে পাকিস্তানে অনুষ্ঠিতব্য ত্রিদেশীয় টি-টোয়েন্টি সিরিজ থেকে সরে দাঁড়ানোর সিদ্ধান্ত নিয়েছে। পিসিবি আয়োজিত সিরিজে পাকিস্তান, আফগানিস্তান ও শ্রীলংকা অংশগ্রহণ করবে। এই টুর্নামেন্টের ম্যাচগুলো ১৭ থেকে ২৯ নভেম্বর পর্যন্ত রাওয়ালপিন্ডি ও লাহোরে অনুষ্ঠিত হওয়ার কথা ছিল। এসিবি তাদের ‘এক্স’ (সাবেক টুইটার) পোস্টে জানিয়েছে, উরগুন জেলায় একটি সীমান্ত হামলায় বেশ কয়েকজন নিহত হয়েছেন, যাদের মধ্যে তিনজন স্থানীয় ক্রিকেটারও ছিলেন। তারা পাকতিকা প্রদেশের শারানা থেকে একটি প্রীতি ম্যাচ খেলে ফেরার পথে ছিলেন। বিবৃতিতে এসিবি আরও জানিয়েছে, “এই ঘটনা আফগানিস্তানের ক্রীড়াঙ্গন, ক্রীড়াবিদ এবং ক্রিকেট পরিবারে এক বিশাল ক্ষতি। আমরা এই মর্মান্তিক ঘটনার প্রতি শ্রদ্ধা জানিয়ে আসন্ন ত্রিদেশীয় টি-টোয়েন্টি সিরিজ থেকে সরে দাঁড়ানোর সিদ্ধান্ত নিয়েছি।” সিরিজটি আফগানিস্তান ও পাকিস্তানের মধ্যে চলতি বছরের দ্বিতীয় ত্রিদেশীয় টুর্নামেন্ট হওয়ার কথা ছিল। আগস্টে এশিয়া কাপের আগে তারা প্রথমবারের মতো এমন সিরিজে মুখোমুখি হয়েছিল। তবে এটি পাকিস্তানের মাটিতে দুই দেশের প্রথম ত্রিদেশীয় টুর্নামেন্ট হতে যাচ্ছিল। উল্লেখ্য, পাকিস্তান ও আফগানিস্তানের মুখোমুখি ম্যাচগুলো ১৭ ও ২৩ নভেম্বর অনুষ্ঠিত হওয়ার কথা ছিল। সিরিজের সময়কাল এমন এক সময়ে নির্ধারিত হয়েছে যখন দুই দেশের কূটনৈতিক সম্পর্ক ক্রমেই অবনতি ঘটছিল। পাকিস্তান ক্রিকেট বোর্ড (পিসিবি) এখনও এই ঘটনার বিষয়ে আনুষ্ঠানিক কোনো মন্তব্য করেনি।

## বাংলাদেশ দলে অভিষেক হওয়া কে এই মাহিদুল ইসলাম অঙ্কন?

সূর্যোদয় প্রতিবেদন

ঢাকা প্রিমিয়ার ডিভিশন ক্রিকেট লিগে ধারাবাহিক পারফরম্যান্সের স্বীকৃতি হিসেবে ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে সিরিজের প্রথম ওয়ানডে ম্যাচে অভিষেক হয়েছে মাহিদুল ইসলাম অঙ্কনের। শেষ কয়েক বছর ধরে জাতীয় ‘এ’ দল এবং ঘরোয়া ক্রিকেটে অসাধারণ ছন্দে থাকা এই মিডল অর্ডার ব্যাটার অবশেষে পেয়েছেন জাতীয় দলে সুযোগ। অঙ্কন ওয়ানডে ফরম্যাটে ধারাবাহিকভাবে রান করে যাচ্ছেন। শেষ তিন মৌসুমে তিনি প্রতিসিজনে অন্তত ৪০০ রান করেছেন। সর্বশেষ ঢাকা প্রিমিয়ার ডিভিশন ক্রিকেট লিগে ১১ ম্যাচে ৪৩১ রান সংগ্রহ করেছেন, গড় ৪৮। এই সময়ে তার স্ট্রাইক রেট ছিল ৭০.৫৯। ২০২৪ মৌসুমে ৬৪৭ রান এবং ৪৬.২১ গড়ে, স্ট্রাইক রেট ছিল প্রায় ৭০। ২০২৩ ডিপিএলে ৫৭৪ রান এবং ৪১ গড়ের সঙ্গে স্ট্রাইক রেট ছিল ৮২.৫৮। মিডল অর্ডারে ধস সামাল দিতে পারদর্শী, দীর্ঘ ইনিংস খেলার ক্ষমতাসম্পন্ন অঙ্কনের এই ধরনের প্রোফাইল বর্তমান দলে বিশেষ প্রয়োজন ছিল। ঘরোয়া ক্রিকেটে ধারাবাহিক পারফরম্যান্স আন্তর্জাতিক পর্যায়ে রূপান্তরিত করার সক্ষমতা দেখিয়েছেন তিনি। ২০২৫ সালে বাংলাদেশ ‘এ’ দলের হয়ে নিউজিল্যান্ড ‘এ’ দলের বিপক্ষে একটি সেঞ্চুরি করেছেন, যেখানে এক ম্যাচে অপরাজিত থাকায় দুই ম্যাচে মোট ১৪৫ রান এবং ৮২ স্ট্রাইক রেটও ছিল স্বাস্থ্যবান। এবার জাতীয় দলে সুযোগ পাওয়া অঙ্কন কীভাবে ধারাবাহিকতা নিয়ে দলকে সহায়তা করতে পারবেন, তা আগামী ওয়ানডে সিরিজে ফুটে উঠবে। তবে ঘরোয়া ক্রিকেটে প্রমাণিত প্রতিভা তাকে দলের এক গুরুত্বপূর্ণ ব্যাটার হিসেবে প্রতিষ্ঠিত করার সম্ভাবনা রাখে।

## যুক্তরাষ্ট্রের সঙ্গে প্রতিরক্ষা চুক্তির পথে সৌদি আরব

সূর্যোদয় প্রতিবেদন

যুক্তরাষ্ট্রের সঙ্গে একটি প্রতিরক্ষা চুক্তি স্বাক্ষরের পথে এগোচ্ছে সৌদি আরব। আগামী মাসে সৌদি ক্রাউন প্রিন্স মোহাম্মদ বিন সালমানের ওয়াশিংটন সফরের সময় চুক্তিটি স্বাক্ষর হতে পারে বলে ধারণা করা হচ্ছে। শুক্রবার রয়টার্স এক প্রতিবেদনে জানিয়েছে, এই সম্ভাব্য চুক্তি নিয়ে ফিন্যান্সিয়াল টাইমস-কে জানিয়েছেন আলোচনার সঙ্গে ঘনিষ্ঠ কয়েকজন ব্যক্তি। সাবেক ট্রাম্প প্রশাসনের এক সিনিয়র কর্মকর্তা পত্রিকাটিকে বলেন, “ক্রাউন প্রিন্স যখন ওয়াশিংটনে আসবেন, তখন কিছু স্বাক্ষর হওয়ার বিষয়ে আলোচনা চলছে, তবে বিস্তারিত এখনও নির্ধারিত হয়নি।” ফিন্যান্সিয়াল টাইমসের প্রতিবেদনে বলা হয়, আলোচনাধীন চুক্তিটি যুক্তরাষ্ট্র ও কাতারের সাম্প্রতিক প্রতিরক্ষা চুক্তির মতো হতে পারে। সেই চুক্তিতে যুক্তরাষ্ট্র প্রতিশ্রুতি দিয়েছিলড়্কাতারের ওপর কোনো সশস্ত্র হামলা হলে সেটিকে যুক্তরাষ্ট্রের ওপর হামলা হিসেবে গণ্য করা হবে। কাতারের সঙ্গে এই প্রতিরক্ষা চুক্তিটি হয় মাত্র এক মাস আগে। সে সময় ইসরায়েল দোহায় হামাস নেতাদের ওপর বিমান হামলা চালিয়ে হত্যাচেষ্টা করেছিল। মার্কিন পররাষ্ট্র দপ্তর ফিন্যান্সিয়াল টাইমসকে জানিয়েছে, “সৌদি আরবের সঙ্গে প্রতিরক্ষা সহযোগিতা আমাদের আঞ্চলিক কৌশলের একটি গুরুত্বপূর্ণ ভিত্তি।”

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়**
**মেহেরপুর সদর, মেহেরপুর।**

স্মারক নং -উমাশিঅ/মেহের/ম্যাঃকঃ-৪৫(৩)২০২৫/২২৭

বলিয়ারপুর মাধ্যমিক বিদ্যালয়ের নিয়মিত ম্যানেজিং কমিটি গঠনের তফসিল

সুত্র ০৫.৪৪.৫৭৪৭.০০০.৬৪.২৭৭.২৫-১৫৯৭

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বলিয়ারপুর মাধ্যমিক বিদ্যালয়ের নিয়মিত ম্যানেজিং কমিটি গঠনের তফসিল নিম্নে প্রদান করা হলোঃ

১। মনোনয়নপত্র গ্রহণ ও জমাদানঃ ২০/২১/ ও ২২ অক্টোবর’ ২০২৫ (সকাল ১০ঃ০০ থেকে বিকাল ৪ঃ০০ টা পর্যন্ত)
মনোনয়ন প্রাপ্তির স্থানঃ প্রধান শিক্ষক, বলিয়ারপুর মাধ্যমিক বিদ্যালয়ের কার্যালয়।
মনোনয়ন জমদানের স্থানঃ প্রধান শিক্ষক, বলিয়ারপুর মাধ্যমিক বিদ্যালয়ের কার্যালয়।

২। মনোনয়নপত্র বাছায়ঃ ২৪/১০/২০২৫ (বিকাল ৪ টা)
স্থানঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, মেহেরপুর সদর মেহেরপুর।

৩। মনোনয়নপত্র প্রত্যাহারঃ ২৭/১০/২০২৫। (বিকাল ৪টা)
স্থানঃ বলিয়ারপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের নিকট।

৪। চূড়ান্ত তালিকা প্রকাশঃ ২৭/১০/২০২৫ প্রিজাইডিং অফিসার ও প্রতিষ্ঠান প্রধানের কার্যালয়।

৫। নির্বাচনঃ ১১/১১/২০২৫ (সকাল ১০টা থেকে বিরতিহীন ভাবে বিকাল ৪ টা পর্যন্ত)।
স্থানঃ বলিয়ারপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রাঙ্গন।

মোঃ মনিরুল ইসলাম
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
মেহেরপুর সদর
ও প্রিজাইডিং অফিসার
ম্যানেজিং কমিটির নির্বাচন- ২০২৫
বলিয়ারপুর মাধ্যমিক বিদ্যালয়।